

## B.A. 2nd Semester (Honours) Examination, 2019 (CBCS)

Subject : Bengali

Paper : CC-IV

Time: 3 Hours

Full Marks: 60

*The figures in the margin indicate full marks.**Candidates are required to give their answers in their own words as far as practicable.*

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

- ১। নিম্নলিখিত যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০
- (ক) 'তুমি তারে রায়গুণাকর নাম দিও।'—কে, কাকে কথাগুলি বলেছেন? ১+১=২
- (খ) 'শিবর হইল ক্রোধ শিবের বচনে।'—শিবর ক্রোধের কারণ কী? ২
- (গ) হরিহোড়ের পূর্বনামটি কী ছিল? কেন তাকে মর্ত্যে জন্মগ্রহণ করতে হয়? ১+১=২
- (ঘ) 'অন্নদামঙ্গল'-এ উল্লেখিত চারটি প্রবাদপ্রবচনের উল্লেখ করো। ২
- (ঙ) 'মৎস্যগন্ধা দাসকন্যা ব্রাহ্মণী ত নহে।  
তার গর্ভে জন্ম তোর ব্রাহ্মণ কে কহে।'—কার প্রতি, কখন এই উক্তি করা হয়েছে? ১+১=২
- (চ) 'কু-কথায় পঞ্চমুখ কণ্ঠ-ভরা বিষ।  
কেবল আমার সঙ্গে দ্বন্দ্ব অহর্নিশ।'—কথাগুলির বাচ্যার্থ ও অন্তর্নিহিত অর্থ বিবৃত করো। ১+১=২
- (ছ) ভবানন্দ মজুমদারের মাতা ও পিতার নাম লেখো। ১+১=২
- (জ) 'বিশাই বিশাই বলি করিলা স্মরণ।'—বিশাই কে? কে তাকে স্মরণ করে? ১+১=২
- (ঝ) মায়াসীতা বধ প্রসঙ্গে ইন্দ্রজিতের প্রতি হনুমানের সতর্কবাণীটি কী ছিল? ২
- (ঞ) 'রামের সনে হউক তোমার বিষ দরশন।'—কার, কখন এই অভিশাপ? ১+১=২
- (ট) 'কটক চর্চিয়া ভ্রমে চর দুইজন।'—এই দু'জন কে কে? ১+১=২
- (ঠ) লঙ্কাকাণ্ডে মাল্যবান কে? তার সঙ্গে রাবণের সম্পর্ক কী? ১+১=২
- (ড) অতিকায়ের পিতার নাম কী? কোন বাণে তার মৃত্যু হয়? ১+১=২
- (ঢ) বিদ্যুৎজিহ্ব কে? তার প্রতি রাবণের নির্দেশটি কী ছিল? ১+১=২
- (ণ) 'সীতার জীবনে ভাই নাহি কিছু কাজ।'—কথাগুলির প্রসঙ্গ নির্দেশ করো। ২
- ২। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০
- (ক) 'তবে আমি বেদব্যাস এইখানে পরকাশ  
করিব দ্বিতীয় বারানসী।'  
—বেদব্যাস কে? তার দ্বিতীয় বারানসী নির্মাণ প্রসঙ্গটি তুলে ধরো। ১+৪=৫

- (খ) 'অষ্টাহীত' কী? 'অন্নদামঙ্গল' কাব্যের 'গ্রহোৎপত্তির কারণ' অংশটির ঐতিহাসিকতা বিচার করো। ১+৪=৫
- (গ) 'আমার সন্তান যেন থাকে দুধে ভাতে।'—বক্তা কে? উক্তিটির মধ্য দিয়ে বক্তার চরিত্রের যে জীবনবোধ প্রকাশিত হয়েছে তা তুলে ধরো। ১+৪=৫
- (ঘ) 'রায়বার' কথার অর্থ কী? 'অঙ্গদ রায়বার' পালার বিষয়বস্তু সংক্ষেপে লেখো। ১+৪=৫
- (ঙ) লক্ষাকাণ্ড অনুসরণে বিভীষণ চরিত্রের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫
- (চ) মকরান্ধ কে? 'মহীরাবণ-অহিরাবণ বধ' কাহিনিটি সংক্ষেপে লেখো। ১+৪=৫

৩। নিম্নলিখিত দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

- (ক) "রাজসভাকবি রায়গুণাকরের অন্নদামঙ্গলের গান রাজকণ্ঠের মণিমালার মতো, যেমন তাহার উজ্জ্বলতা, তেমনি তাহার কারুকার্য।"—এই মন্তব্যের আলোকে 'অন্নদামঙ্গল' কাব্যের নির্মাণ কৌশলের পরিচয় দাও। ১০  
অথবা,

'অন্নদামঙ্গল' কাব্যে শিব ও পার্বতীর সংসার-চিত্র তুলে ধরো। প্রসঙ্গত কবির সমাজমনস্কতার পরিচয় দাও। ৮+২=১০

- (খ) রাবণের পিতা ও মাতার নাম লেখো। লক্ষাকাণ্ড অনুসরণে রাবণ চরিত্রটি বিশ্লেষণ করো। ১+১+৮=১০  
অথবা,

রামায়ণের লক্ষাকাণ্ড অনুবাদে কৃত্তিবাসের কৃতিত্বের পরিচয় দাও। ১০